কবিতা/গল্প প্রকাশ



নিজস্ব লেখা "কবিতা/গল্প" সংবাদপত্রে প্রকাশিত করতে - ৯০৬২৮৬৭৯২১



হাওড়া থেকে প্রকাশিত দৈনিক

# এই যুগ

# EI YUG

ইন্টারনেট সংস্করণ- eiyug.in RNI: WBBEN/2020/81746



হলি ডে হোম বুকিং



দর্শনীয় ভ্রমণের জায়গা-
**হোটেল :-** তারাপীঠ, দিঘা ,পুরী।
**বাগান বাড়ি :-** খেজুরি-পূর্ব মেদিনীপুর।
বুকিং এর জন্য যোগাযোগ করুন "**এই যুগ**" অফিসে।
ফোন নং: **9062867921**।



PAGE | পৃষ্ঠা- 4 [ PRICE | মূল্য - 2 ]

HOWRAH | হাওড়া ● DAILY | দৈনিক ● 22 JANUARY 2026 ,THURSDAY | ২২ জানুয়ারি ২০২৬ ,বৃহস্পতিবার ● VOLUME | বর্ষ-6 ● ISSUE | সংখ্যা-54


## একাধিক ইস্যুতে মুখ্যমন্ত্রী কে কটাক্ষ করেন রহুল সিনহার



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২১ জানুয়ারি : তৃণমূল বুঝতে পেরেছে মুসলমানরা তৃণমূলের চালাকি ধরে ফেলেছে। মিথ্যা প্রতিশ্রুতি দিয়ে তৃণমূলরা মুসলমানদের ঠকাচ্ছে যা মুসলমানরা বুঝে গিয়েছে। এই জন্য মমতা ব্যানার্জি দেখছে আর মুসলমান তোষামোদ করে লাভ নেই। তাই হিন্দুতে ফিরে এসেছেন তিনি। এজন্য মন্দির গড়তে শুরু করেছেন মমতা ব্যানার্জী। আলিপুরদুয়ার বিধানসভার সলাসলাবাড়ি বি এফ ফি স্কুল ময়দানে বিজেপির পরিবর্তন সংকল্প সভায় এসে এভাবেই মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় এবং রাজ্য সরকারকে কটাক্ষ করলেন বিজেপি নেতা রাহুল সিনহা। এদিন পরিবর্তন সংকল্প সভায় উপস্থিত ছিলেন বিজেপি নেতা রাহুল সিনহা, আলিপুরদুয়ার সাংসদ মনোজ টিপ্পা, বিজেপি জেলা সভাপতি মিঠু দাস সহ বিজেপির একাধিক নেতৃত্বরা।এদিন সভা মঞ্চ থেকে একাধিক ইসুতে রাজ্যসরকার ও তৃণমূল দলকে কটাক্ষ করেন বিজেপি নেতা রহুল সিনহা। তিনি জানান মুসলমানদের একটা অংশের ভোট বিজেপি দিকে চলে এসেছে সেটা আটকানোর জন্য কিছু মুসলমান নেতা সক্রিয় হয়ে আলদা প্লাটফর্ম তৈরি করছে ভোটের পর এরা আবার মিলে যাবে।

## সশস্ত্র সীমা বলের জওয়ানদের অভিযানে ভেস্তে গেলো মাদক পাচারের ছক ,গ্রেপ্তার সাত



সুকুমার রঞ্জন সরকার, এই যুগ, আলিপুরদুয়ার, ২১ জানুয়ারি : সশস্ত্র সীমা বল সতেরো নম্বর ব্যাটালিয়নের জওয়ানদের অভিযানে ভেস্তে গেলো মাদক পাচারের ছক, আটক সাত পাচারকারী। জানা গেছে গোপন সুত্রে পাওয়া খবরের ভিত্তিতে সশস্ত্র সীমা বল সতেরো নম্বর ব্যাটালিয়নের জওয়ানরা আলিপুরদুয়ার জেলা পুলিশের বীরপাড়া থানার অধীন বান্দাপানি জঙ্গলের ভিতরে মমঙ্গলবার রাতে অভিযান চালিয়ে সাত জনকে আটক করে তল্লাশী চালায়। আটক ব্যক্তিদের হেফাজত থেকে উদ্ধার হয় বিপুল পরিমান ব্রাউন সুগার। উদ্ধার করা ব্রাউন সুগার সহ আটক ব্যক্তিদের বীরপাড়া থানার পুলিশের হাতে তুলে দেওয়া হয়। সশস্ত্র সীমা বলের জওয়ানদের অভিযোগের ভিত্তিতে পুলিশ আটক ব্যক্তিদের গ্রেপ্তার করে ও উদ্ধার করা ব্রাউন সুগার বাজেয়াপ্ত করে। পুলিশ জানায় এন ডি পি এস আইনের নির্দেশিকা মেনে মাদক বাজেয়াপ্ত ও গ্রেপ্তারি পর্ব সম্পন্ন করা হয়েছে। ধৃতদের বিরুদ্ধে এন ডি পি এস আইনের নির্দিষ্ট ধারায় মামলা রুজু করা হয়েছে ও বুধবার তাদের আলিপুরদুয়ার জেলা আদালতে পাঠানো হয়েছে। এই মাদক পাচারে বড়ো কোনো চক্র জড়িত আছে কিনা সে বিষয়ে তদন্ত শুরু করেছে পুলিশ।

## তৃণমূল-বিজেপির বিরুদ্ধে জোটের ডাক নওশাদ সিদ্দিকীর



এই যুগ , কলকাতা, ২১ জানুয়ারি : বুধবার কলকাতার শহীদ মিনার ময়দান সাক্ষী রইলো আইএসএফ এর ডাকা মহা সমাবেশের জনস্রোতের । চারপাশে লাখ লাখ আইএসএফ কর্মী সমর্থকদের ভীড় । এই মহা সমাবেশের মঞ্চ থেকেই রাজ্যের শাসকদল তৃণমূল ও বিজেপি কে হারাতে জোটের ডাক দিল আইএসএফ বিধায়ক নওশাদ সিদ্দিকী। এদিন নওশাদ সিদ্দিকী জানান , বামফ্রন্ট, কংগ্রেস সহ অন্যান্য সেক্যুলার দলের সঙ্গে তাদের আলোচনা চলছে জোটের বিষয়ে । নওশাদ এও দাবি করেন তিনি আশাবাদী আগামী দিনে জোট হবে । তৃণমূল ও বিজেপি প্রসঙ্গে কটাক্ষ করে বলেন , বিজেপি ও তৃণমূল কে যাতে সহজেই হারানো যায় তার ব্যবস্থা করতে হবে । আগামীকাল থেকে আমরা দ্রুততার সঙ্গে চেষ্টা করবো যাতে এই বৃহত্তর জোট জানুয়ারি মাসের মধ্যে করা সম্ভব হয় ।

## ভাল্লুকের আতঙ্ক চা বাগানে



নিজস্ব সংবাদদাতা, এই যুগ, জলপাইগুড়ি, ২১ জানুয়ারি : জলপাইগুড়ি জেলার চাপড়ামারি ওয়াইল্ড লাইফ স্যাংচুয়ারী এলাকাধীন সামসিং চা বাগানে বুধবার ভাল্লুকেরআতঙ্ক ছড়ায়। জানা গেছে এদিন চা বাগানের শ্রমিকরা চা বাগানের ঝোপ ঝাড়ের ভিতর একটি ভাল্লুককে ঘুরে বেড়াতে দেখে রীতিমতো আতঙ্কিত হয়ে পড়েন। চা বাগান কর্তৃপক্ষ খবর দেন খুনিয়া রেঞ্জের বন কর্মীদের। খবর পেয়ে বন কর্মীরা ঘটনাস্থলে পৌঁছে বেশ কয়েক ঘন্টার চেষ্টায় ভালুকটিকে প্রথমে জাল বন্দী করে পরে খাঁচায় আটক করেন। খুনিয়া রেঞ্জের রেঞ্জার সঞ্জয় দে জানান এটি হিমালয়ান ব্ল্যাক বীয়ার প্রজাতির। সসম্ভবতঃ ভূটান পাহাড়ে তুষার পাতের ফলে খাবারের সন্ধানে এটি সমতলে চলে এসেছে। ভালুকটির স্বাস্থ্য পরীক্ষার পর নেওড়া ভ্যালির জঙ্গলে ছেড়ে দেওয়া হবে বলেও তিনি জানান। ভালুকটি ধরা পড়ায় আতঙ্কমুক্ত হয়েছেন চা বাগানের বাসিন্দারা।

# বক্সার জঙ্গলে দেখা গেল বাঘের ছবি



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২১ জানুয়ারি : বক্সার জঙ্গলে রয়েছে সেই বাঘটি। ট্র্যাপ ক্যামেরায় আবারও ধরা পড়ল সেই বাঘের ছবি। বাঘ শুমারি চলছে। এর মধ্যে আরও বাঘের ছবি মিলছে। খুশির হাওয়া বক্সা বাঘ বনে। বক্সা ব্যাঘ্র প্রকল্পের পশ্চিম বিভাগে বাঘটিকে দেখা যাচ্ছে।এদিন রাতে আরও ছবি সকলের সঙ্গে ভাগ করে নিলেন বক্সা ব্যাঘ্র প্রকল্পের আধিকারিকরা।

# পুলিশের তৎপরতায় উদ্ধার প্রচুর পরিমাণে মদ ,গ্রেপ্তার এক




মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২১ জানুয়ারি : আলিপুরদুয়ার জংশন ফাঁড়ির পুলিশের তৎপরতায় ব্যাপক অভিযান চালিয়ে প্রচুর পরিমাণে মদ বাজেয়াপ্ত করা হয়েছে। গ্রেপ্তার করা হয়েছে এক ব্যক্তি কে। এমনটাই জানা গেছে জংশন ফাঁড়ির পুলিশের কাছ থেকে বুধবার বিকেল চারটে নাগাদ। আলিপুরদুয়ার জংশন এলাকায় ব্যাপক পরিমাণে অবৈধ ভাবে মদ ব্যবসায়ীর সংখ্যা বেড়ে গেছে। মদ ব্যবসায়ীদের দৌরাত্ম্য কমাতে অভিযান শুরু করেছেন জংশন ফাঁড়ির ওসি সোনা লামার নেতৃত্বে বিশাল পুলিশ বাহিনী। গ্রেপ্তার করা ব্যক্তি কে আলিপুরদুয়ার জেলা আদালতে পাঠিয়েছে জংশন ফাঁড়ির পুলিশ।

# লক্ষাধিক টাকার আলু খেলো হাতির দল



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২১ জানুয়ারি : প্রতি রাতেই জঙ্গল থেকে বের হয়ে আসে হাতির পাল। ২৭ বছরেও যে এলাকায় হাতি আসেনি এখন সেই এলাকায় হাতি আসছে। এক পাল হাতির দাপটে ক্ষতিগ্রস্ত হয়েছেন মহাকালগুড়ি গ্রাম পঞ্চায়েত এলাকার ১৮ জন কৃষক। ক্ষতির পরিমাণ কয়েক লক্ষ টাকা এমনটাই জানা গেছে কৃষকদের সঙ্গে কথা বলে বুধবার বিকেল পাঁচটা নাগাদ মহাকাল গুড়ি গ্রাম পঞ্চায়েতের বড় চৌকির বস এলাকায় গিয়ে। কৃষকদের কাছ থেকে জানা গেছে মঙ্গলবার গভীর রাতে এক পাল হাতি এসে অসীম দেবনাথের দুই বিঘা জমির আলু ক্ষেত পিষে দেয়। এছাড়াও অজয় দেবনাথ বাপি দেবনাথ রঞ্জিত বর্মন সঞ্জিত বর্মন এর আলু খেতে তান্ডব চালায় হাতির পাল। যদিও বুধবার ওই এলাকা পরিদর্শনে গিয়েছিলেন বনদপ্তরের পক্ষে বিট অফিসার এবং জে এফএমসির সভাপতি মতিলাল দেবনাথ।

# হিয়ারিংয়ের নোটিশ পেয়েই আতঙ্ক , হৃদরোগে আক্রান্ত হয়ে মৃত্যু ৬০ ঊর্ধ্ব বৃদ্ধের



সুস্মিতা রায়, এই যুগ ,জলপাইগুড়ি, ২১ জানুয়ারি : এসআইআর হিয়ারিং ঘিরে আতঙ্কের মাঝেই মর্মান্তিক ঘটনা জলপাইগুড়িতে। বাড়িতে হিয়ারিংয়ের নোটিশ পৌঁছনোর পর থেকেই চরম মানসিক চাপে ভুগছিলেন ৬০ ঊর্ধ্ব মকবুল হক। শেষ পর্যন্ত সেই আতঙ্কই প্রাণ কেড়ে নিল বলে অভিযোগ পরিবারের।ঘটনাটি জলপাইগুড়ি সদর ব্লকের গোড়ালবাড়ি অঞ্চলের উত্তর প্রধানপাড়া এলাকার। মৃত মকবুল হক ১৭/১৭৪ পার্টের বাসিন্দা। পরিবার সূত্রে জানা গেছে, গত দু'দিন আগে তাঁর বাড়িতে এসআইআর হিয়ারিং সংক্রান্ত নোটিশ আসে। নোটিশ হাতে পাওয়ার পর থেকেই তিনি গভীর চিন্তায় ভুগতে শুরু করেন।পরিবারের দাবি, ২০০২ সাল থেকেই ভোটার তালিকায় নাম থাকা সত্ত্বেও কেন তাঁর নামে হিয়ারিং নোটিশ এসেছে—এই প্রশ্নই তাঁকে মানসিকভাবে ভেঙে দেয়। পরিবারের সন্তান-সন্ততি, ভবিষ্যৎ নিয়ে দুশ্চিন্তা ক্রমেই বাড়তে থাকে। এর পাশাপাশি আগে থেকেই অসুস্থ ছিলেন তিনি।গতকাল রাতে হঠাৎই তিনি হৃদরোগে আক্রান্ত হন। দ্রুত চিকিৎসার ব্যবস্থা করা হলেও শেষরক্ষা হয়নি। চিকিৎসকেরা তাঁকে মৃত ঘোষণা করেন। পরিবারের অভিযোগ, এসআইআর হিয়ারিংয়ের নোটিশ পাওয়ার পর থেকেই মানসিক চাপ বেড়ে যায় এবং সেই চাপই হৃদরোগের কারণ হয়ে দাঁড়িয়েছে। এই ঘটনায় এলাকায় শোকের ছায়া নেমে এসেছে।

# একাদশ ও দ্বাদশে শিক্ষক নিয়োগের চূড়ান্ত মেধা তালিকা প্রকাশ করলো এসএসসি



এই যুগ, কলকাতা, ২১ জানুয়ারি : বুধবার রাত ৮ টা নাগাদ একাদশ ও দ্বাদশের মেধা তালিকা প্রকাশ করলো এসএসসি। এদিন এসএসসি সূত্র খবর ,এই মেধা তালিকায় প্রায় সাড়ে ১৮ হাজার চাকরি প্রার্থীর নাম রয়েছে। এসএসসি এদিন তিনটি তালিকা প্রকাশ করে - সফল বা এমপ্যানেলড, ওয়েটিং বা অপেক্ষমাণ এবং অসফল বা অনুত্তীর্ণ। একাদশ-দ্বাদশের ৩৫টি বিষয়ে মোট শূন্যপদ ছিল ১২,৪৪৫ টি। ডকুমেন্ট ভেরিফিকেশনের জন্য ডাক পায় প্রায় ২১ হাজার চাকরিপ্রার্থী। তথ্যে ভুল থাকার কারণে বাদ যায় প্রায় হাজার দেড়েক নাম। বাকিরা সবাই ইন্টারভিউয়ের জন্য ডাক পেয়েছিলেন। তাঁদের মধ্যে থেকেই এসএসসি এদিন সফল এবং ওয়েটিং লিস্টে থাকা চাকরিপ্রার্থীদের তালিকা প্রকাশ করেছে। চলতি জানুয়ারি মাসের ২৭ তারিখ থেকে কাউন্সেলিং শুরু হবে বলে জানিয়েছে এসএসসি।

# অবৈধভাবে নদী থেকে পাথর তুলে ভিন রাজ্যে পাচারের পথে আটক দুটি ডাম্পার



নিজস্ব সংবাদদাতা, এই যুগ, শিলিগুড়ি, ২১ জানুয়ারি : রাতের অন্ধকারে নদী থেকে অবৈধভাবে পাথর তুলে ভিন রাজ্যে পাচারের পথে আটক দুটি ডাম্পার। জানা গেছে মঙ্গলবার রাতে নকশালবাড়ি ব্লক ভূমি ও ভূমি রাজস্ব দপ্তরের আধিকারিক দীপাঞ্জন মজুমদার গোপন সুত্রে খবর পান পানিঘাটা থানার মাঞ্জা নদী থেকে অবৈধভাবে দুটি ডাম্পারে পাথর বোঝাই করা হচ্ছে ভিন রাজ্যে পাচারের উদ্দ্যেশ্যে। খবর পেয়ে দীপাঞ্জন মজুমদার কর্মীদের নিয়ে রাতেই পানিঘাটা নকশালবাড়ি রাজ্য সড়কের চ্যাঙ্গা বস্তি এলাকায় অভিযান চালান। অভিযানে পাথর বোঝাই ডাম্পার দুটি আটককরেন। চালকরা পাথরের কোনো বৈধ নথিপত্র দেখাতে না পারায় তাদের আটক করার পাশাপাশি পাথর বোঝাই ডাম্পার দুটি বাজেয়াপ্ত করে পানিঘাটা থানার পুলিশের হাতে তুলে দেওয়া হয়। পুলিশ চালকদের গ্রেপ্তার করে তাদের বিরুদ্ধে আইনী পদক্ষেপ গ্রহন করে আদালতে পাঠিয়েছে।




EI YUG | EDITOR - SUROJIT MALICK | OWNER - SUROJIT MALICK | PUBLISHED BY SUROJIT MALICK FROM BANKRA DAKSHIN PALLY,P.O-BANKRA,P.S-DOMJUR,DISTRICT-HOWRAH, PIN-711403,STATE-WEST BENGAL | PRINTED BY SUROJIT MALICK AT "EI YUG NEWSPAPER PUBLISHING HOUSE",BANKRA DAKSHIN PALLY,P.O-BANKRA,P.S-DOMJUR,DISTRICT-HOWRAH, STATE-WEST BENGAL,PIN-711403 | CONTACT NO- 9062867921 ,9836753661 | EMAIL- EIYUGNEWSPAPER@GMAIL.COM ,NEWSPAPEREIYUG@GMAIL.COM | RNI : WBBEN/2020/81746 |